

যুগান্তর

তারিখঃ ০৪/১০/২০২১ (পৃঃ ০২)

জলবায়ু সহনশীল কৃষি প্রবর্তনে হাওড়ে জাইকার প্রকল্প

হাওড় এলাকায় জলবায়ু পরিবর্তনের প্রভাবে দুর্যোগ সহনশীল কৃষি ব্যবস্থা প্রবর্তনে একটি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে জাইকার সঙ্গে চুক্তি করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। ব্রির হবিগঞ্জ আঞ্চলিক কার্যালয়ে চুক্তিতে স্বাক্ষর করেন জাপান ইন্টারন্যাশনাল কোঅপারেশন এজেন্সি (জাইকা) বাংলাদেশের সিনিয়র প্রতিনিধি তাকেশি সাহেবিকি, শেয়ার দ্য প্ল্যান্ট অ্যাসোসিয়েশনের চেয়ারপারসন টেটসুয়ো সুটসুই, ব্রি হবিগঞ্জ আঞ্চলিক অফিসের প্রধান ড. মোজাম্মেল হক ও এএসইডি হবিগঞ্জের চিফ এক্সিকিউটিভ মোহাম্মদ জাফর ইকবাল চৌধুরী। জাইকার পার্টনারশিপ কর্মসূচির আওতায় 'প্র্যাকটিস অ্যান্ড ডিসেমিনেশন অব ডিজাস্টার রেসিস্ট্যান্ট ক্লাইমেট চেঞ্জ অ্যাডাপ্টিভ এগ্রিকালচার ইন দ্য হাওড় এরিয়া' শিরোনামে প্রকল্পটি বাস্তবায়িত হবে। জাইকার এক সংবাদ বিজ্ঞপ্তিতে রোববার এ তথ্য জানা গেছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রকল্পটি অল্প দিনে উৎপাদনশীল ঠাণ্ডা-সহনশীল ধানের নতুন জাত ও সবজি বীজ বিতরণ করবে যা হাওড় এলাকার জন্য উপযোগী। প্রকল্পটি হবিগঞ্জের সদর উপজেলার লক্ষরপুর ইউনিয়ন ও বানিয়াচং উপজেলার পুকুরা ইউনিয়নের কৃষকদের উন্নত সেবা দেবে। কৃষকদের সঙ্গে কাজ করবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই), বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি) ও বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি)। বন্যার ক্ষয়ক্ষতি হ্রাস, মৌলিক অবকাঠামোতে প্রবেশাধিকার সুবিধা এবং কৃষি ও মৎস্য উৎপাদন বাড়ানোর লক্ষ্য নিয়ে হাওড় এলাকায় পানি উন্নয়ন বোর্ড ও এলজিইডির 'হাওড়ে বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন প্রকল্প' বাস্তবায়নেও কাজ করবে জাইকা। সংবাদ বিজ্ঞপ্তি।